গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ..................... ৩

প্রস্তাবনা ..................... ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ..................... ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..................... ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ..................... ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ..................... ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশে রুপান্তরের জন্য সরকার রূপকল্প-২০২১ বাস্তবায়ন করছে। রূপকল্প বাস্তবায়নের অন্যতম প্রাণশক্তি হল প্রাথমিক জ্বালানির সরবরাহ নিশ্চিতকরণ। যার অংশ হিসাবে সাম্প্রতিক সময়ে জ্বালানি বিভাগের আওতায় ৪টি অনুসন্ধান কূপ খনন এবং ১টি গ্যাস ক্ষেত্র (রূপগঞ্জ) আবিস্কার করা হয়েছে। ২০১২ সালের জুলাই মাসে গ্যাস সরবরাহ দৈনিক ২,২৩০ এমএমসিএফ ছিল, যা বর্তমানে বৃদ্ধি পেয়ে দৈনিক ২,৭০০ এমএমসিএফ'তে উন্নীত হয়েছে। ১৩টি উন্নয়ন কূপ খনন করা হয়েছে। ১টি খনন রিগ ও ৩টি প্রসেস পল্যান্ট সংগ্রহ করা হয়েছে। ১২০০ লাইন কিঃ মিঃ ২-ডি সাইসমিক এবং ১০১০ বর্গ কিঃ মিঃ ৩-ডি সাইসমিক সার্ভে সম্পন্ন হয়েছে। ৪১৯ কিঃ মিঃ সঞ্চালন লাইন স্থাপন করা হয়েছে। ৮,৬০০টি আবাসিক গ্রাহক আঙ্গিনায় প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে। বড়পুকুরিয়া কয়লা খনি হতে বর্তমানে দৈনিক গড় উৎপাদনের পরিমাণ প্রায় ৪৫০০ মেঃ টন । গত তিন বছরে দেশে মোট ৩৫.৫২ লক্ষ মেঃ টন অপরিশোধিত এবং ১,১৯.০০ লক্ষ মেঃ টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। এসময়ে মোট ৩.২২ লক্ষ মেঃ টন ন্যাফথা রপ্তানি করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

দেশে বর্তমানে দৈনিক কমবেশী ৩,২০০ এমএমসিএফ গ্যাসের চাহিদা রয়েছে। এর বিপরীতে বর্তমানে গড়ে দৈনিক ২,৭০০ এমএমসিএফ উৎপাদন করা সম্ভব হচ্ছে। ফলে চাহিদার বিপরীতে দৈনিক ৫০০ এমএমসিএফ গ্যাসের ঘাটতি রয়েছে। বর্তমানে অবশিষ্ট গ্যাসের মজুদের পরিমাণ ১৪.০৮৫ টিসিএফ। এ মজুদ দ্বারা এখনই চাহিদা পূরণ করা যাচ্ছে না। আগামী ২ বছরের মধ্যে বর্তমান মজুদ হতে গ্যাস উৎপাদনের হার সর্বোচ্চ মাত্রায় পৌছাবে। পরবর্তীতে বর্তমানে মজুদ হতে গ্যাস উৎপাদনের হার দ্রুত হ্রাস পেতে থাকবে। সুতরাং উৎপাদন বৃদ্ধি ও নতুন গ্যাস মজুদ আবিস্কার এই মুহূর্তে গ্যাস সেক্টরের জন্য বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

গ্যাসের উৎপাদন বৃদ্ধির জন্য নিকট ভবিষতে ৫৭০ লাইন কিঃ মিঃ ভূতাত্ত্বিক জরিপ, ৯৮০০ লাইন কিঃ মিঃ ২-ডি সাইসমিক সার্ভে, ২৯৪০ বর্গ কিঃ মিঃ ৩-ডি সাইসমিক সার্ভে, ১৬টি অনুসন্ধান কূপ খনন, ৮টি উন্নয়ন কূপ খনন করা হবে। বাখরাবাদ-ফেনী-চট্টগ্রাম গ্যাস সঞ্চালন পাইপলাইন, পদ্মা সেতু অংশে গ্যাস সঞ্চালন পাইপলাইন, ২য় বঙ্গবন্ধু সেতু (রেলওয়ে) অংশে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ করা হবে। ভারতের নুমালিগড় থেকে পাইপ লাইনের মাধ্যমে তেল আমদানি করা হবে। গ্যাসের অপচয় ও সিস্টেম লস রোধ, ব্যবস্থাপনা ও জ্বালানি ব্যবহার দক্ষতা বৃদ্ধির লক্ষে সকল আবাসিক গ্যাস গ্রাহকের আঙ্গিনায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হবে।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ৬১৫০ লাইন কিঃ মিঃ দ্বিমাত্রিক জরিপ ও ৮৪০ বর্গ কিঃ মিঃ ত্রিমাত্রিক জরিপ সম্পাদন করা হবে;
- ১০ টি উন্নয়ন/ওয়ার্কঅভার কূপ ও ১ টি অনুসন্ধান কূপ খনন করা হবে;
- ৯৪৮ বিসিএফ গ্যাস উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে;
- কয়লা উৎপাদন লক্ষমাত্রা ১.১০ মিলিয়ন মেট্রিক টন প্রাক্কলন করা হয়েছে;
- ৪৫ লক্ষ মেঃ টন পরিশোধিত ও ১৪ লক্ষ মেঃ টন অপরিশোধিত তেল আমদানি করা হবে।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ০৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

সকলের জন্য ব্যয়সাশ্রয়ী প্রাথমিক জ্বালানি নিশ্চিতকরণ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

জ্বালানি ও খনিজ সম্পদ-এর বিভিন্ন উৎস অনুসন্ধান, উত্তোলন, আহরণ, আমদানি, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা অর্জন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ;

২. দেশব্যাপী জ্বালানির পর্যাপ্ত মজুদ ও জ্বালানি সাশ্রয়ী দক্ষ ব্যবস্থাপনা গড়ে তোলা;

৩. খনিজ পর্দাথের অনুসন্ধান ও আহরণ জোরদারকরণ;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. তেল, প্রাকৃতিক গ্যাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন ও বিধি প্রণয়ন;

২. পেট্রোলিয়াম, জ্বালানি, গ্যাস ও তেজস্ক্রিয় খনিজ ব্যতীত অন্যান্য খনিজ পদার্থ নিয়ন্ত্রণ ও উন্নয়নমূলক সাধারণ নীতিমালা প্রণয়ন;

৩. বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ অধ্যাদেশ-১৯৮৬ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম অধ্যাদেশ-১৯৭৪ এর আওতায় সরকার কর্তৃক নির্ধারিত কার্যাবলি;

৪. পেট্রোবাংলার সঙ্গে একীভূত বাংলাদেশ খনিজ অনুসন্ধান ও উন্নয়ন কর্পোরেশন আদেশ ১৯৭২ এ উলিস্নখিত বিষয়াবলির আওতায় সরকার কর্তৃক নির্ধারিত কার্যাবলি;

৫. ভূতাত্বিক জরিপ এর সাথে সম্পৃক্ত নীতি, পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন এবং ব্যবস্থাপনা;

৬. বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, বিস্ফোরক অধিদপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, পেট্রোবাংলা, হাইড্রোকার্বন ইউনিট এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রশাসন ও নিয়ন্ত্রণ;

৭. আমত্মর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে লিয়াজোঁ এবং চুক্তি সম্পাদন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| মাথাপিছু প্রাথমিক জ্বালানি ব্যবহার বৃদ্ধি | মাথাপিছু প্রাথমিক জ্বালানি ব্যবহার | কেজিওই | ২৩০ | ২৫০ | ২৭০ | ৩০৫ | ৩৪০ | ১। পরিবেশ ও বন মন্ত্রণালয় ২। ভূমি মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ; | ৫৭ | [১.১] গ্যাসের কূপ খনন | [১.১.১] খননকৃতকূপ | সংখ্যা | ৮.০০ | ১২ | ৯ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৯ | ৫ |
| | | [১.২] গ্যাস উৎপাদন বৃদ্ধি | [১.২.১] উৎপাদিত গ্যাস (দেশীয়) | বিসিএফ | ৭.০০ | ৩৮১ | ৩৯২ | ৩৯৮ | ৩৯১ | ৩৮৪ | ৩৭৭ | ৩৭০ | ৪১৪ | ৪০৬ |
| | | | [১.২.২] উৎপাদিত গ্যাস (বিদেশী) | বিসিএফ | ৭.০০ | ৪৩৯ | ৫০১ | ৫৫০ | ৫৩০ | ৫২০ | ৫১০ | ৫০০ | ৫৫৯ | ৫৫৮ |
| | | [১.৩] পরিশোধিত তেল আমদানি | [১.৩.১] আমদানিকৃত তেল | লক্ষ মেঃটন | ৭.০০ | ৪১.৭৪ | ৪০.৯৫ | ৪৫.০০ | ৪৪.০০ | ৪৩.০০ | ৪২.০০ | ৪১.০০ | ৪৫.০০ | ৪৫.০০ |
| | | [১.৪] অপরিশোধিত তেল আমদানি | [১.৪.১] আমদানিকৃত তেল | লক্ষ মেঃটন | ৭.০০ | ১১.৭৪ | ১৩.০০ | ১৪.০০ | ১৩.৫০ | ১৩.০০ | ১২.৫০ | ১১.৫০ | ১৪.০০ | ১৪.০০ |
| | | [১.৫] ২-ডি সিসমিক জরিপ | [১.৫.১] জরিপকৃত | কিঃমিঃ | ৬.০০ | ৩৫৮ | ৩৯৪০ | ৬১৫০ | ৫৫৩৫ | ৪৯০০ | ৪৩০০ | ৩৯৯০ | ৮০০ | ৯০০ |
| | | [১.৬] ৩-ডি সিসমিক জরিপ | [১.৬.১] জরিপকৃত | বঃকিঃমিঃ | ৪.০০ | ৪৮৫ | ৪৪৮ | ৮৪০ | ৭৫৬ | ৬৭২ | ৫৮৮ | ৫০৪ | ৪৫০ | ৫৫০ |
| | | [১.৭] কয়লা আহরণ | [১.৭.১] আহরিত কয়লা | মিঃ মেঃটন | ৩.০০ | .৯৪৭ | .৬৭৬ | ১.১০ | ১.০০ | .৮৮ | .৭৭ | .৬৬ | .৮০ | ১.০০ |
| | | [১.৮] জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান | [১.৮.১] অনুসন্ধানকৃত জ্বালানির উৎস | সংখ্যা | ৩.০০ | ১ | ৪ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ |
| | | [১.৯] গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ | [১.৯.১] সম্প্রসারণকৃত সঞ্চালন পাইপলাইন | কিঃমিঃ | ২.০০ | ২৫০ | ২১০ | ৯০ | ৮৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ১০০ | ০ |
| | | [১.১০] গ্যাস কম্প্রেসর স্থাপন | [১.১০.১] স্থাপনকৃত কম্প্রেসর | সংখ্যা | ৩.০০ | ২ | ৬ | ৫ | ৫ | ৪ | ০ | ০ | ০ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] দেশব্যাপী জ্বালানির পর্যাপ্ত মজুদ ও জ্বালানি সাশ্রয়ী দক্ষ ব্যবস্থাপনা গড়ে তোলা; | ২০ | [২.১] তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | [২.১.১] মজুদ ক্ষমতা বর্দ্ধিত | লক্ষ মেঃটন | ৭.০০ | ১.১২ | .৫০ | .৫০ | .৪৭ | .৪৪ | .৪২ | .৪০ | ১.২০ | ১.০০ |
| | | [২.২] অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | [২.২.১] বিচ্ছিন্নকৃত সংযোগ | সংখ্যা | ৬.০০ | ৪৫০০ | ১১৩১৭ | ১০৪৫০ | ৯৭০০ | ৮৫০০ | ৭৮০০ | ৭৫০০ | ১০৭০০ | ১১১৫০ |
| | | [২.৩] প্রশিক্ষণ আয়োজন | [২.৩.১] সম্পাদিত প্রশিক্ষণ | সংখ্যা | ৫.০০ | ৭৬১ | ৭৬৮ | ৮২২ | ৭৯০ | ৭৮০ | ৭৫০ | ৭০০ | ৮৫৯ | ৮৮৫ |
| | | [২.৪] পেট্রোলিয়াম লাইসেন্স মঞ্জুর | [২.৪.১] লাইসেন্স মঞ্জুর | সংখ্যা | ২.০০ | ১৩৮০ | ১৬৪৬ | ১৬৬০ | ১৫৯৪ | ১৪২৮ | ১২৬২ | ১১০০ | ১৬৭০ | ১৬৮০ |
| [৩] খনিজ পর্দাথের অনুসন্ধান ও আহরণ জোরদারকরণ; | ৬ | [৩.১] ভূতত্তিক এবং ভূপ্রকৃতিক মানচিত্রায়ন | [৩.১.১] সম্পাদিত এলাকা | বঃকিঃমিঃ | ৪.০০ | ২১৮৬ | ২৯২৫ | ৩৭৫০ | ৩৬৭৫ | ৩৪০০ | ৩১০০ | ২৯০০ | ৪০০০ | ৪০০০ |
| | | [৩.২] কোয়ারী লীজ প্রদান | [৩.২.১] লীজকৃত কোয়ারী | সংখ্যা | ২.০০ | ১৮ | ৬১ | ৬৫ | ৬২ | ৬০ | ৫৮ | ৫৬ | ৮০ | ৮৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্‌স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্‌স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্‌স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৫/১০/২০১৫

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

০৫. ১০. ২০১৫

তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

০৫/১০/২০১৫

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | কিঃমিঃ | কিলোমিটার |
| ২ | মি.মে.ট. | মিলিয়ন মেট্রিক টন |
| ৩ | বিসিএফ | বিলিয়ন ককউবিক ফুট |
| ৪ | এডিবি | এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক |
| ৫ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন |
| ৬ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৭ | কেজিওই | কেজি অয়েল ইকুইভেলেন্ট (সমপরিমান তেল থেকে উৎপন্ন তাপ) |
| ৮ | টিসিএফ | ট্রিলিয়ন কিউবিক ফিট |
| ৯ | লক্ষ মে.টন | লক্ষ মেট্রিক টন |
| ১০ | এমএমসিএফ | মিলিয়ন কিউবিক ফিট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] গ্যাসের কূপ খনন | [১.১.১] খননকৃতকূপ | কূপ খনন এর মাধ্যমে গ্যাস উৎপাদন করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] গ্যাস উৎপাদন বৃদ্ধি | [১.২.১] উৎপাদিত গ্যাস (দেশীয়) | দেশী কোম্পানী কর্তৃক গ্যাস উৎপাদন করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.২.২] উৎপাদিত গ্যাস (বিদেশী) | বিদেশী কোম্পানী কর্তৃক গ্যাস উৎপাদন করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] পরিশোধিত তেল আমদানি | [১.৩.১] আমদানিকৃত তেল | বিদেশ থেকে পরিশোধিত তেল আমদানি করা হয় | বিপিসি | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] অপরিশোধিত তেল আমদানি | [১.৪.১] আমদানিকৃত তেল | অপরিশোধিত তেল | বিপিসি | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] ২-ডি সিসমিক জরিপ | [১.৫.১] জরিপকৃত | গ্যাস অনুসন্ধানের জন্য দেশের বিভিন্ন জায়গায় জরিপ করা হয় | বাপেক্স, পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] ৩-ডি সিসমিক জরিপ | [১.৬.১] জরিপকৃত | গ্যাস অনুসন্ধানের জন্য দেশের বিভিন্ন জায়গায় জরিপ করা হয় | বাপেক্স, পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] কয়লা আহরণ | [১.৭.১] আহরিত কয়লা | কয়লা খনি থেকে কয়লা উত্তোলন করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৮] জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান | [১.৮.১] অনুসন্ধানকৃত জ্বালানির উৎস | নতুন নতুন জ্বালানি উৎসের অনুসন্ধান করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৯] গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ | [১.৯.১] সম্প্রসারণকৃত সঞ্চালন পাইপলাইন | গ্যাস কূপ থেকে গ্যাস সঞ্চালনের জন্য পাইপলাইন নির্মাণ করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.১০] গ্যাস কম্প্রেসর স্থাপন | [১.১০.১] স্থাপনকৃত কম্প্রেসর | গ্যাসের চাপ বৃদ্ধির জন্য গ্যাস কম্প্রেসর মেশিন স্থাপন করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | [২.১.১] মজুদ ক্ষমতা বর্দ্ধিত | বিপিসি কর্তৃক তেলের মজুদের বৃদ্ধি করা হয় | বিপিসি | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | [২.২.১] বিচ্ছিন্নকৃত সংযোগ | অপচয় রোধ ও রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে গ্যাসের অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয় | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৩] প্রশিক্ষণ আয়োজন | [২.৩.১] সম্পাদিত প্রশিক্ষণ | বিভিন্ন সংস্থা কর্তৃক কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হয় | পেট্রোবাংলা/বিপিআই | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] পেট্রোলিয়াম লাইসেন্স মঞ্জুর | [২.৪.১] লাইসেন্স মঞ্জুর | বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক পেট্রোলিয়াম সংক্রান্ত লাইসেন্স প্রদান করা হয়ে থাকে | বিস্ফোরক পরিদপ্তর | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ভূতত্ত্বিক এবং ভূপ্রকৃতিক মানচিত্রায়ন | [৩.১.১] সম্পাদিত এলাকা | খনিজ পর্দাথের অনুসন্ধানের জন্য ভূতত্ত্বিক এবং ভূপ্রকৃতিক মানচিত্রায়ন করা হয় | জিএসবি | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] কোয়ারী লীজ প্রদান | [৩.২.১] লীজকৃত কোয়ারী | বিভিন্ন জেলায় পাথর ও সিলিকা বালু আহরণের জন্য বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান'কে লীজ প্রদান করা হয় | বিএমডি | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | মজুদ ক্ষমতা বর্দ্ধিত,খননকৃতকূপ,উৎপাদিত গ্যাস (দেশীয়),উৎপাদিত গ্যাস (বিদেশী) | ভূমি অধিগ্রহণ/অধিযাচন | ভূমি পাওয়া না গেলে কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা যাবে না | ৪০% | প্রকল্পের কাজ শুরু করা যাবে না। |
| মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয় | আমদানিকৃত তেল,আমদানিকৃত তেল | জাহাজের মাধ্যমে তেল আমদানি করতে হবে | জাহাজের বিষয়টি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন | ৪০% | জাহাজ ব্যতীত তেল আমদানি করা যাবে না। |
| মন্ত্রণালয় | পরিবেশ ও বন মন্ত্রণালয় | উৎপাদিত গ্যাস (দেশীয়),উৎপাদিত গ্যাস (বিদেশী),জরিপকৃত,সম্প্রসারণকৃত সঞ্চালন পাইপলাইন ,জরিপকৃত,খননকৃতকূপ | পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র | প্রকল্পের কাজ শুরু করার জন্য পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র আবশ্যক | ৩০% | প্রকল্পের কাজ শুরু করা যাবে না। |